অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/28/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল সোজার্নার ট্রুথের নামে নতুন স্টেট পার্ক ঘোষণা করলেন

ঊনবিংশ শতাব্দীর আফ্রিকান আমেরিকান হাডসন ভ্যালির বাসিন্দা, বিলোপবাদী এবং ভোটাধিকারীর প্রতি উৎসর্গ

কিংস্টন ও আলস্টার টাউনে, হাডসন নদীর তীরের প্রায় এক মাইলের বেশি সংলগ্ন প্রাক্তন সিমেন্ট উৎপাদন প্ল্যান্টের 13.5 মিলিয়ন মার্কিন ডলারের অধিগ্রহণ

নতুন পার্ক পরিচালনার জন্য স্টেট পার্কস, PIPC সিনিক হাডসনের সাথে অংশীদারিত্ব করবে

***ছবি** [এখানে আছে]*

কৃষ্ণাঙ্গ ইতিহাসের মাস (Black History Month) ও নারী ইতিহাসের মাসের (Women's History Month) স্বীকৃতস্বরূপ, গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে আলস্টার কাউন্টিতে হাডসন নদীর তীর সংলগ্ন 500 একরের বেশি প্রাক্তন শিল্প জমিতে পরিকল্পিত নতুন স্টেট পার্কটি ঊনবিংশ শতাব্দীর আফ্রিকান আমেরিকান বিলোপবাদী এবং ভোটাধিকারী সোজার্নার ট্রুথের নামে নামকরণ করা হবে। এটি কিংস্টন সিটির প্রথম স্টেট পার্ক হবে এবং 2019 সালের জুলাইয়ের পর খোলা প্রথম নতুন স্টেট পার্ক হবে।

"খাড়া পর্বত ও হাডসন তীরের এমন দুর্দান্ত জায়গাটির, ঠিক এখানেই আলস্টার কাউন্টিতে জীবন শুরু করা অসাধারণ এক নারীর নাম বহন করা অত্যন্ত মানানসই হবে," **গভর্নর হোকল বলেন।** "নিউ ইয়র্ক এর মানুষের বৈচিত্র্যময় গল্পের প্রতিফলন করতে প্রতিশ্রুতিবদ্ধ, যেমন সোজার্নার ট্রুথ এবং স্বাধীনতা ও সমতার প্রতি তার বার্তা যা আমাদের স্টেটের অনুপ্রেরণাদায়ক ইতিহাসকে প্রভাবিত করেছে।"

1797 সালে আলস্টার কাউন্টির এসোপাসে ক্রীতদাস হিসেবে জন্মানো ইসাবেলা "বমফ্রি" বামফ্রে 1826 সালে, নিউ ইয়র্কে বৈধ ক্রীতদাস প্রথা বন্ধ হওয়ার এক বছর আগে, নিজেকে দাসত্ব থেকে মুক্ত করেন। 1828 সালে, তিনি তার ডিপ সাউথে ক্রীতদাস হিসেবে বিক্রি হওয়া ছেলের কাস্টাডি ফিরে পাওয়ার মামলায় জয়লাভ করেন, যা ছিলো একজন আফ্রিকান

আমেরিকান নারী একজন সাদা মানুষের বিরুদ্ধে কোর্টে জিতেছেন এমন প্রথম আইনি মামলাগুলির একটি।

তার গভীর ধার্মিক দৃষ্টি অনুসরণ করে তিনি একজন ভ্রমণকারী যাজক হিসেবে ভ্রমণ করেন, অশ্বেতাঙ্গ মানুষ ও নারীরা যেই চরম অসমতার শিকার সে ব্যাপারে 'সত্য' বলে তিনি ব্যবস্থাগত পরিবর্তনের ডাক দেন। নিজের নাম সোজার্নার ট্রুথ হিসেবে পরিবর্তিত করে তিনি মধ্যে ঊনবিংশ শতাব্দীতে বিলোপবাদ এবং সার্বজনীন ভোটাধিকারের ক্ষেত্রে দেশের শীর্ষ বক্তাদের একজন হয়ে উঠেন। সিভিল ওয়ারের সময় তিনি ইউনিয়ন আর্মির জন্য পুরুষদের সৈন্য হিসেবে সংগ্রহ করেন এবং সদ্য মুক্তিপ্রাপ্ত ক্রীতদাসদের সহায়তা করার এজেন্সি ফ্রিডমেন্স ব্যুরোতে (Freedmen's Bureau) কাজ করেন। যুদ্ধের পর তিনি সার্বজনীন ভোটাধিকারের পক্ষে কাজ করা চালিয়ে যান। সোজার্নার ট্রুথ 1883 সালে মৃত্যুবরণ করেন, যখন আফ্রিকান আমেরিকান পুরুষেরা ভোটাধিকার লাভ করে ফেলেছে কিন্তু নারীদের ভোটাধিকারের জাতীয় স্বীকৃতি তখনো চার দশক দূরে।

2020 সালের আগস্ট মাসে, স্টেট পার্কস (State Parks) আলস্টার কাউন্টির হাইল্যান্ডের ওয়াকওয়ে ওভার দ্য হাডসন স্টেট হিস্টোরিক পার্কের (Walkway Over the Hudson State Historic Park) পশ্চিম প্রবেশদ্বারে তার একটি মূর্তি স্থাপন করে এবং এটিকে তার বংশধরদের একজনের উপস্থিতিতে হওয়া একটি অনুষ্ঠানে নারীদের ভোটাধিকারের 100 বছর পূরণের প্রতি উৎসর্গ করা হয়।

স্টেট পার্কস এই নতুন পার্কের জমি সংরক্ষণের জন্য অলাভজনক পরিবেশ গ্রুপ সিনিক হাডসনের (Scenic Hudson) সাথে অংশীদারিত্ব করেছে, যেটিকে এর পূর্বে বৃহৎ আকারের বেসরকারি নির্মাণের জন্য ব্যবহার করার কথা ছিলো। স্টেট পার্কসের এই 13.5 মিলিয়ন মার্কিন ডলার মূল্যের ক্রয়ের অর্থায়ন করা হয়েছে স্টেটের এনভায়রনমেন্টাল প্রোটেকশন তহবিলের (Environmental Protection Fund) মাধ্যমে। জমিটির প্রায় তিন-চতুর্থাংশ কিংস্টনে, বাকি অংশ আলস্টারে।

এককালে সিমেন্ট উৎপাদন, ইট তৈরি, খননকাজ, ও বরফ তোলার সাইটটিতে ইতিমধ্যে হাডসন রিভার ব্রিকইয়ার্ড ট্রেইল (Hudson River Brickyard Trail) রয়েছে। এম্পায়ার স্টেট ট্রেইল (Empire State Trail) এবং কিংস্টন গ্রিনলাইনের (Kingston Greenline) অংশ এই বাঁধানো ট্রেইলটি 2020 সালের ডিসেম্বর মাসে কিংস্টন সিটির একটি প্রকল্প হিসেবে খুলে দেওয়া হয়, যা ট্রেইলটি ও সিনিক হাডসনের ব্যবস্থাপনা করে। এখানে হাডসন নদী এবং চুনাপাথর ও বেলেপাথরের 150 ফুট খাড়া পর্বতগাত্রের মনোরম দৃশ্য রয়েছে, যার কারণে 1840-র শুরুতে সাইটটিতে সিমেন্ট উৎপাদন শুরু হয়।

স্টেট পার্কসের কমিশনের এরিক কুলেসিড বলেন, "স্টেট পার্কস আমাদের সবথেকে নতুন পার্কটির নামকরণ সোজার্নার ট্রুথের সম্মানে করতে পেরে গর্বিত, তিনি ছিলেন নিউ ইয়র্কের শুরুর দিকের এবং পরবর্তীতে বিলোপবাদ ও নারীদের অধিকারের জন্য দেশের একজন গুরুত্বপূর্ণ ব্যক্তিত্ব। দর্শনার্থীদের কাছে তার গল্প তুলে ধরার পাশাপাশি, পার্কটি সাইটটির শিল্পগত ও আদিবাসী ইতিহাস ব্যাখ্যা করতে দিবে এবং হাডসন নদীর বাস্তুসংস্থান সুরক্ষা করতে দিবে।

নতুন পার্কটি কিংস্টনের চলমান অর্থনৈতিক পুনরুজ্জীবনকে এবং আঞ্চলিক বিনোদনমূলক পর্যটন অর্থনীতিকে সমর্থন করবে। এটি পুরো বছর বাসিন্দাদের জীবনযাপনের মানের ক্ষেত্রে লাভজনক হবে এবং একই সাথে এম্পায়ার স্টেট ট্রেইল ব্যবহারকারীদের জন্য একটি নতুন হাডসন ভ্যালি আকর্ষণ প্রদান করবে।"

প্যালিসেডস ইন্টারস্টেট পার্কস (Palisades Interstate Parks) কমিশনের নির্বাহী পরিচালক জশুয়া লেয়ার্ড বলেন, "আমরা অত্যন্ত আনন্দিত যে আমাদের একদম নতুন স্টেট পার্কটি সোজার্নার ট্রুথ এবং একজন বিলোপবাদী ও নারী অধিকার বক্তা হিসেবে তার শক্তিশালী লেগেসিকে সম্মান জানাবে। আমরা তার গল্প বলার জন্য এবং প্রাক্তন এই শিল্প সাইটকে হাডসন নদীর কাছের একটি সুন্দর ও নাটকীয় ল্যান্ডস্কেপ হিসেবে পুনরুদ্ধার করার ব্যাখ্যা দেওয়ার জন্য উন্মুখ হয়ে আছি। কমিশন গভর্নর হোকল, স্টেট পার্কসের কমিশনার কুলেসিড এবং সিনিক হাডসনকে এই জমিটি সুরক্ষা করতে তাদের প্রচেষ্টার জন্য তাদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করতে চায়।"

সিনিক হাডসনের প্রেসিডেন্ট নেড সালিভান বলেন, "সিনিক হাডসন অত্যন্ত আনন্দিত যে গভর্নর হোকল সোজার্নার ট্রুথের নামে এই পার্কটির নামকরণ করার মাধ্যমে তার জীবন ও লেগেসি উদযাপন করার সিদ্ধান্ত নিয়েছেন। তার সাহস এবং সকলের জন্য ন্যায়বিচার ও সমতার জন্য তার জোরালো আওয়াজ দিয়ে তিনি এমন একটি উদাহরণ স্থাপন করে গেছেন যা এখনো এই অতি জরুরি চলমান ব্যাপারে দৃঢ়ভাবে অনুরণিত হয়। আমরা ইতিহাসে সমৃদ্ধ ও জনসাধারণের উপভোগের যোগ্য দুর্দান্ত এই জায়গাটি অধিগ্রহণে স্টেটকে নেতৃত্ব দেওয়ার জন্য গভর্নর ক্যাথি হোকল ও স্টেট পার্কসের কমিশনার এরিক কুলেসিডের প্রতি কৃতজ্ঞ। নিউ ইয়র্ক পার্ক ব্যবস্থায় এটি যুক্ত করা হলো একটি সত্যিকারের স্বপ্নদর্শী পদক্ষেপ, এবং আমরা এই সংরক্ষণ পদক্ষেপে তাদের অংশীদারিত্বকে সালাম জানাচ্ছি। সিনিক হাডসন স্টেট পার্কস, প্যালিসেডস ইন্টারস্টেট পার্ক কমিশন, এবং কিংস্টন ও আলস্টার সম্প্রদায়ের সাথে আমাদের সহযোগিতা অব্যাহত রাখতে উন্মুখ, আমরা প্রাক্তন এই শিল্প সাইটটিকে সকলের জন্য আউটডোর, অঞ্চলের আদিবাসী ও শ্রম ঐতিহ্য, এবং একে অন্যের সাথে সংযুক্ত হওয়ার একটি আকর্ষণীয় স্থানে পরিণত করছি। আমার কোনও সন্দেহ নেই যে সোজার্নার ট্রুথ স্টেট পার্ক (Sojourner Truth State Park) এর প্রাকৃতিক সৌন্দর্য ও ইতিহাসের অনন্য সমাহার নিয়ে অঞ্চলের বিনোদনমূলক গন্তব্যের একটি হয়ে উঠবে। এছাড়াও আমরা সিনিক হাডসনের উদার সমর্থকদের, যারা আমাদের দ্বারা জমিটির অধিগ্রহণ সম্ভব করেছে, যারা জায়গাটিকে অনেক বছর আগে নির্মাণ থেকে রক্ষা করতে আমাদের সাথে কাজ করেছে, এবং প্রক্রিয়ার প্রতি ধাপে নিজেদের গুরুত্বপূর্ণ ভূমিকা পালনকারী সিনিক হাডসন বোর্ডের সদস্য ও কর্মীদের অবদান স্বীকার করতে চাই।"

স্টেট পার্কস এই বসন্তে জনসাধারণকে নিষ্ক্রিয় বিনোদনের সুযোগ দিতে সীমিত আকারে পার্কিং ও হাইকিং ট্রেইল স্থাপন করবে। তার আগ পর্যন্ত, হাডসন রিভার ব্রিকইয়ার্ড ট্রেইল ব্যতীত, জায়গাটি জনসাধারণের জন্য খোলা হবে না। সিনিক হাডসন ইতিমধ্যে জায়গাটির বাস্তুসংস্থানসংক্রান্ত, ভৌগলিক, এবং সাংস্কৃতিক সংস্থান নিয়ে একটি সার্বিক গবেষণা করেছে।

একটি চুক্তির অধীনে, স্টেট পার্কস, সিনিক হাডসন, এবং প্যালিসেডস ইন্টারস্টেট পার্ক কমিশন যৌথভাবে কাজ করবে কীভাবে সোজার্নার ট্রুথ স্টেট পার্ক নির্মাণ করা যায় সে সম্পর্কে জনমত গ্রহণ করবে। পার্কটিকে একটি পাঁচ বছর মেয়াদি চুক্তির অধীনে পরিচালনা করবে সিনিক হাডসন এবং তারা ইতিমধ্যে এই বিষয়ে একটি উন্মুক্ত বৈঠক আয়োজন করেছে এবং ভবিষ্যতে অংশীদারগণ আরো বৈঠকের ঘোষণা করবে।

স্টেট সিনেটর মিশেল হিঞ্চি বলেন, "কিংস্টন সিটিকে নিউ ইয়র্ক স্টেট পার্কস ব্যবস্থায় অন্তর্ভুক্ত করার এই স্বপ্নদর্শী প্রচেষ্টাটি আমাদের সম্প্রদায়ের জন্য গভীর অর্থপূর্ণ। আমি এই সফলকাম প্রকল্পের সমর্থনে 200,000 মার্কিন ডলার স্টেট তহবিল নিশ্চিত করতে পেরে গর্বিত, প্রকল্পটি আমাদের সম্প্রদায়ে এধরনের প্রথম সবুজ স্থানের সুবিধা নিয়ে আসবে এবং একইসাথে আমাদের কাউন্টি, স্টেট ও দেশের সর্বোচ্চ অবদান রাখা ব্যক্তিত্বদের একজন, সোজার্নার ট্রুথের স্মৃতিকে অমর করবে। আমি কিংস্টনে এই ল্যান্ডমার্ক বিনিয়োগের জন্য গভর্নর হোকল, স্টেট পার্কস ও সিনিক হাডসনকে ধন্যবাদ জানাচ্ছি, যার দ্বারা আমরা গর্বের সাথে এই ইতিহাস-সমৃদ্ধ বিস্তীর্ণ ভূমিকে আমাদের শহরের প্রথম স্টেট পার্কে রূপান্তরিত করতে পারবো।"

অ্যাসেম্বলি সদস্য কেভিন কাহিল বলেন, "গভর্নর হোকল আমাদের এলাকার প্রতি তার জ্ঞান, চিন্তা এবং শক্তি প্রদর্শন অব্যাহত রাখছেন। আজকে তার সর্বশেষ উদাহরণ দেখা গেলো। এই পার্কটিকে আমাদের সম্প্রদায়ের সর্বাধিক গুরুত্বপূর্ণ ব্যক্তিদের একজন, সোজার্নার ট্রুথের নামে নামকরণ করা মানানসই ও যথাযথ। তখন ইসাবেল বামফোর্ড হিসেবে পরিচিত ট্রুথ যখন একজন কমবয়সী মেয়ে ছিলেন তখন এই তীর থেকে মাত্র কয়েকশ গজ উপরে স্লেইটসবার্গ ও রোন্ডাউট ক্রিক পর্যন্ত প্রতিদিন কয়েক মাইল পারি দিয়ে, তাকে দাস বানানো মানুষের মালিকানায় পরিচালিত সরাইখানার মালসামাল নিয়ে একটি স্কিলিপট ভেলায় করে ক্রিক পার হতেন। পোর্ট ইওয়েনের কেন্দ্রে দাঁড়ানো এই কমবয়সী, শোষিত, কিন্তু মজবুত ও দৃঢ়প্রতিজ্ঞ কিশোরী মেয়ের চিত্র তুলে ধরা মূর্তিটি একটি কঠিন অনুস্মারক হিসেবে মনে করিয়ে দেয় যে আমাদের সম্প্রদায় ক্রীতদাস প্রথার ভয়াবহ ঘটনা থেকে মুক্ত নয়।সত্যিই, আমাদের পূর্বসূরিদের কেউ কেউ অন্য মানুষকে শোষণের ক্ষেত্রে প্রাপ্তবয়স্ক ও শিশুদের মধ্যে পার্থক্য করেনি। কিন্তু পার্কটির নামকরণ সোজার্নার ট্রুথের সকল মহত্ত্বকে এবং স্বাধীনতা, বিরূপ অবস্থায় দৃঢ়তা প্রদর্শন এবং একটি জাতিকে অনুপ্রাণিত করার ক্ষেত্রে তার প্রভাবকে স্বীকৃতি দেয়। সকল দর্শক যেন এক মুহূর্ত থেমে আমাদের সম্প্রদায়ের সৌন্দর্য উপভোগ করতে পারে এবং এটি মনে করতে পারে যে এটি এই গুরুত্বপূর্ণ জাতীয় নেতার বাড়ি ছিল।"

কিংস্টন ল্যান্ড ট্রাস্টের (Kingston Land Trust) সাংস্কৃতিক কর্মকাণ্ড ও টেকসই জীবনযাপনের (Cultural Engagement and Sustainable Living) নির্বাহী পরিচালক শানিকা বোডেন বলেন, "আমাদের অঞ্চলের অনুপ্রেরণাদায়ক নেতা সোজার্নার ট্রুথের নামে নামকরণ করা পার্কটি হলো তার অসাধারণ বীরত্বের জীবন ও লেগেসির প্রতি একটি দুর্দান্ত সম্মাননা ও উৎসর্গ। আমি আশা করি যে জমিটি এমন উদ্দীপনা ও পুনর্জীবনের আশ্রয়স্থল হয়ে উঠবে যা প্রকৃতির জাদু সম্পর্কে এবং সকল জীবের অস্তিত্বের জন্য আবশ্যিক পারস্পরিক সংযোগের ব্যাপারে আমাদের উপলব্ধি আরো গভীর করবে।"

হাডসন রিভার ভ্যালি গ্রিনওয়ের (Hudson River Valley Greenway) নির্বাহী পরিচালক স্কট কেলার বলেন, "সোজার্নার ট্রুথ স্টেট পার্ক হলো হাডসন নদীর একটি আইকনিক জায়গা যা নিউ ইয়র্কের বাসিন্দা ও পর্যটকদের জন্য অনন্য বিনোদনমূলক, খোলা স্থান, এবং বাস্তুসংস্থানসংক্রান্ত সুবিধা প্রদান করে। "ভবিষ্যতের পার্কের উন্নয়ন গত বছর শেষ হওয়া হাডসন রিভার ব্রিকইয়ার্ড ট্রেইল সৃষ্ট জনগণের ব্যবহারের সুযোগকে আরো বৃদ্ধি করবে, ট্রেইলটি হাডসন রিভার ভ্যালি গ্রিনওয়ে এবং কিংস্টন ও আলস্টার কাউন্টির এম্পায়ার স্টেট ট্রেইলের মধ্যে একটি অতি গুরুত্বপূর্ণ সংযোগ।"

কিংস্টনের মেয়র স্টিভ নোবেল বলেন, "বহু বছর ধরে অবহেলিত হওয়ার পর, অনন্য এই শহুরে জায়গাটি প্রথমবারের মতো কিংস্টনের বাসিন্দাদের জন্য খোলা হবে যাতে তারা এর মনোমুগ্ধকর দৃশ্য, দুর্দান্ত ট্রেইলসমূহ এবং হাডসন নদীর সুন্দর ওয়াটারফ্রন্টকে উপভোগ করতে পারে। আমরা এটিকে কিংস্টন ও আমাদের আশেপাশের সম্প্রদায়ের প্রত্যেক বাসিন্দার জন্য উপলভ্য একটি বিশ্বমানের পার্ক বানাতে আমাদের সকল অংশীদারদের সাথে কাজ করতে উন্মুখ। আমি আমাদের পার্কসমূহ ও খোলা স্থানের প্রতি তার প্রতিশ্রুতির জন্য এবং এখানে সোজার্নার ট্রুথের লেগেসিকে স্বীকৃতি দেওয়ার জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ জানাতে চাই। "

গত গ্রীষ্মে সাইটের নিরাপত্তা বৃদ্ধি করতে এবং একইসাথে ভবিষ্যৎ কর্মসূচী পালন ও অনুষ্ঠানের জন্য স্থান সম্প্রসারণ করতে জায়গাটি থেকে পরিত্যক্ত সিমেন্ট সাইলো এবং দুইটি প্রাক্তন সিমেন্ট শিল্পের কাঠামো অপসারণ করা হয়। বাকি কাঠামোগুলিকে, যার মধ্যে রয়েছে সাইটের ইট তৈরির সময়কালের চিমনি এবং খচ্চরের গোলাবাড়ি, এবং সিমেন্ট শিল্পের অনেক নিচু কাঠামো যা হাডসন রিভার ব্রিকইয়ার্ড ট্রেইল থেকে দেখা যায়, ল্যান্ডস্কেপের অংশ হিসেবে ব্যাখ্যা করা ও সমন্বিত করা যেতে পারে। জায়গাটির প্রাক্তন খনন গর্তগুলিকে পানি দিয়ে ভরা হয়েছে, এবং এগুলি এটি সাঁতার কাটার জন্য উপযুক্ত নয়, এখানে মাছ থাকতে পারবে।

সাইটটি হলো লিনাপির এসোপাস উপজাতির ঐতিহ্যগত আবাসস্থল, যারা সপ্তদশ শতাব্দীতে ইউরোপিয়ান ঔপনিবেশিকদের দ্বারা বাস্তুচ্যুত হওয়ার আগ পর্যন্ত কিংসটনের এলাকায় বাস করেছে। এসোপাসের গল্প বলার পাশাপাশি সাইটটি শিল্পের ইতিহাস, ভূগোল, এবং আমাদের জাতীয় পরিবেশের স্থিতিশীলতা, এবং নিউ ইয়র্ক স্টেট ও দেশের জন্য হাডসন ভ্যালি উন্নয়নের উল্লেখযোগ্য ভূমিকার ব্যাখ্যা করতে দিবে।

সিনিক হাডসনের ক্রয়ের পূর্বে, প্রাক্তন সিমেন্ট খনি এবং প্রক্রিয়াজাতকরণ ফ্যাসিলিটির জমিটি একটি 1,682 ইউনিট মিশ্র ব্যবহারের নির্মাণকাজের সাইট হওয়ার কথা ছিলো, প্রকল্পটি নিয়ে জনগণের উল্লেখযোগ্য পরিমাণ উদ্বেগ ছিলো।

সিনিক হাডসনের ক্রয় সমর্থিত হয়েছে ব্যক্তিগত দাতাদের দ্বারা, যাদের মধ্যে রয়েছে লোকহিতৈষী এরিক ও ওয়েন্ডি স্মিট, ওয়াকব্রিজ ফান্ড (Walbridge Fund), পিটার এবং কারমেন লুসিয়া বাক ফাউন্ডেশন (Peter & Carmen Lucia Buck, PCLB) ফাউন্ডেশন, ক্যাথরিন ডব্লিউ. ডেভিস ফান্ড ফর হাডসন রিভার পার্কল্যান্ড অ্যাকিউজিশন (Kathryn W. Davis Fund for

Hudson River Parkland Acquisition), ক্যারোলিন মার্কস ব্ল্যাকউড, উইল নিক্সন, ইলিয়ানা কে. ভ্যান মিটেরান, সু সাই, স্টিভেন হল এবং রবার্ট লোনারগান।

নিউ ইয়র্ক স্টেট অফিস অফ পার্কস, রিক্রিয়েশন অ্যান্ড হিস্টোরিক প্রিজারভেশন 250 এর বেশি একক পার্ক, ঐতিহাসিক সাইট, বিনোদন ট্রেইল, এবং নৌকা চলাচল দেখাশোনা করে, যা 2020 সালে রেকর্ড সংখ্যক 78 মিলিয়ন মানুষ দেখতে গিয়েছেন। এসব চিত্তবিনোদনের যেকোনোটি সম্পর্কে আরো তথ্যের জন্য www.parks.ny.gov ওয়েবসাইট দেখুন, বিনামূল্যের NY স্টেট পার্কস এক্সপ্লোরার (NY State Parks Explorer) মোবাইল অ্যাপ ডাউনলোড করুন অথবা 518.474.0456 নম্বরে ফোন করুন। এছাড়াও, ফেসবুক (Facebook), ইনস্টাগ্রাম (Instagram) ও টুইটারে (Twitter) আমাদের সাথে সংযুক্ত হোন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন